THE BANGLADESH OBSERVER

তারিখ ... 27.10.84 ...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

025

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ অনার্স কোর্সের ভর্তি সংক্রান্ত সময়সূচী বৃদ্ধির

# বিজ্ঞপ্তি

তারিখঃ ২৪/১০/৮৪

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাইতেছে যে, ১৯৮৪-৮৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তি সংক্রান্ত পূর্ব নির্ধারিত সময়সূচী নিম্নরূপভাবে বর্ধিত ও পরিবর্তন করা হইল।

তবে উক্ত কোর্সের ভর্তি সংক্রান্ত পূর্বনির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, নিয়মাবলী ও তথ্যাবলী এবং অন্যান্য সমস্ত কিছু অপরিবর্তিত থাকিবে।

উল্লেখ্য যে, ১৯৮৪ সালের ফাজিল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহাদের ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির পূর্বনির্ধারিত শিক্ষাগত যোগ্যতা আছে, তাহারা উক্ত অনার্স কোর্সের ভর্তি পরীক্ষা দিবার নির্ধারিত আবেদনপত্রের সংগে এস এস সি/আলিম পরীক্ষা পাসের প্রশংসাপত্র ও শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দ এবং ফাজিল পরীক্ষা পাসের শুধুমাত্র প্রশংসাপত্র প্রদান করিয়া উক্ত ফরম জমা দিতে পারিবে। তবে তাহারা ভর্তি পরীক্ষায় নির্বাচিত হইবার পর মূল ভর্তি ফরমের সংগে উক্ত দলিলপত্রসমূহ ফাজিল পরীক্ষা পাসের মাদ্রাসা শিক্ষাবোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দ জমা দিতে হইবে। অন্যথা ভর্তি করা হইবে না।

### ভর্তি সংক্রান্ত পরিবর্তিত সময় সূচী

১। সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানের দফতরে ভর্তি পরীক্ষা দিবার নির্ধারিত আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ। : ০৪/১১/৮৪

২। সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক ভর্তি পরীক্ষা সম্পন্ন করিবার শেষ তারিখ। : ২৯/১১/৮৪

৩। ভর্তির জন্য নির্ধারিত সমস্ত আসনে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের তালিকা হইতে ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের মূল ভর্তি ফরমে সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক ভর্তির সুপারিশ লিপিবদ্ধ করিয়া সমস্ত ভর্তি ফরম সংশ্লিষ্ট হলের প্রভোস্টের দফতরে প্রেরণ করিবার শেষ তারিখ : ১৩/১২/৮৪

৪। প্রভোস্ট কর্তৃক মূল ভর্তি ফরমে সুপারিশ লিপিবদ্ধ করিয়া সমস্ত ভর্তি ফরম একাডেমিক শাখায় প্রেরণ করিবার শেষ তারিখ : ২৪/১২/৮৪

৫। ১ম বর্ষ অনার্স কোর্সের ভর্তি শুরু করিবার তারিখ : ০৯/১২/৮৪

৬। বিলম্ব ফিস ছাড়া ভর্তি ফিস জমা দেওয়ার শেষ তারিখ : ১৩/০১/৮৫ (বেলা ১টা পর্যন্ত)

৭। বিলম্ব ফিস ছাড়া ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তির প্রয়োজনীয় সমস্ত মূল দলিলপত্রাদি যাচাই করিবার ব্যাপারে একাডেমিক শাখায় পেশ করিবার শেষ তারিখ : ১০/০১/৮৫ (বেলা ১টা পর্যন্ত)

৮। ৫০/- (পঞ্চাশ) টাকা বিলম্ব ফিসসহ ভর্তি ফিস জমা দেওয়ার শেষ তারিখ : ১০/০২/৮৫ (বেলা ১টা পর্যন্ত)

৯। বিলম্ব ফিসসহ ভর্তি ফিস জমা দেওয়ার জন্য ভর্তির প্রয়োজনীয় সমস্ত মূল দলিলপত্রাদি যাচাই করিবার ব্যাপারে একাডেমিক শাখায় পেশ করিবার শেষ তারিখ : ০৫/০২/৮৫ (বেলা ১টা পর্যন্ত)

১০। ১ম বর্ষ অনার্স ক্লাস শুরু করিবার তারিখ : ২০/০১/৮৫

১১। ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীরা দরখাস্তের মাধ্যমে "অনার্স বিষয় বা সাবসিডিয়ারী বিষয় পরিবর্তনের ফিস (ফিস ২৫/- (পঁচিশ) টাকা) জমা দেওয়ার শেষ তারিখ : ১০/০৩/৮৫ (বেলা ১টা পর্যন্ত)

রেজিস্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ডি--৩৯৩২